

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
এনজিও বিষয়ক ব্যুরো  
প্রধানমন্ত্রীর কার্যালয়  
প্লট-ই-১৩/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

নং-০৩.০৭.২৬৬৬.৬৬০.৬৬.১১৫.১৭- ২৪৪

তারিখঃ ০৮/০৮/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থার নিবন্ধন/নিবন্ধন নবায়ন/নাম পরিবর্তন এবং গঠনতন্ত্রের যে কোন পরিবর্তন বাবদ দাখিলকৃত ফিএর উপর ২০১০-২০১১ অর্থবছর হতে ১৫% হারে ভ্যাট প্রদান।

- সূত্রঃ ১) জাতীয় রাজস্ব বোর্ডের এসআরও নং-২৪৪-আইন/২০১০/৫৬৪-মূসক।  
২) কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)-এর স্মারক নং-৪/মূসক/৮(৮০৯) কর ফাঁকি/বিচার/১৭/৭০২, তারিখঃ ২৭/০৪/২০১৭ খ্রিঃ।  
৩) কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)-এর স্মারক নং-৪/মূসক/৮(১০৯)কর ফাঁকি/বিচার/১৫/৯৩২, তারিখঃ ১৩/০৬/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ ১নং স্মারকের পরিপ্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ডের এসআরও নং-২৪৪-আইন/২০১০/৫৬৪-মূসক মোতাবেক মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা-৫৫(১) অনুযায়ী বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থাসমূহের (এনজিও) নিবন্ধন, নিবন্ধন নবায়ন, নাম পরিবর্তন এবং গঠনতন্ত্রের ধারা পরিবর্তন/সংশোধন/সংযোজন ফি এর উপর ১৫% হারে ভ্যাট প্রদানের নির্দেশনা রয়েছে। সে অনুযায়ী ২০১০-২০১১ অর্থবছর হতে ২০১৫-২০১৬ অর্থবছর পর্যন্ত সময়কালীন তাঁর সংস্থা কর্তৃক দাখিলকৃত ফি এর উপর ১৫% হারে ভ্যাট আদায় না করায় সূত্রস্থ ২ ও ৩ নং স্মারকে উক্ত অপরিশোধিত ভ্যাট জমা প্রদানের জন্য অত্র ব্যুরোকে অনুরোধ জানানো হয়। এছাড়া সরকারী অডিটেও অত্র ব্যুরোর বিরুদ্ধে পরিপত্র মোতাবেক ভ্যাট আদায় না করায় অডিট আপত্তি উত্থাপিত হয়েছে।

০২। এমতাবস্থায়, ২০১০-২০১১ হতে ২০১৫-২০১৬ অর্থবছর এবং ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত সময়ে তাঁর সংস্থার নিবন্ধন, নিবন্ধন নবায়ন, নাম পরিবর্তন এবং গঠনতন্ত্রের ধারা পরিবর্তন/সংশোধন/সংযোজনের বিষয়ে (প্রযোজ্য ক্ষেত্রে) দাখিলকৃত ফি এর উপর ১৫% হারে ভ্যাট সরকারী কোষাগারে (কোড নং-১/১১৩৩/সংশ্লিষ্ট কমিশনারেট কোড/০৩১১) জমা পূর্বক চালানোর মূলকপিসহ ০২(দুই) কপি পত্র প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে এনজিও বিষয়ক ব্যুরোর নিবন্ধন শাখায় জমা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

( আব্দুল্লাহ আল খায়রুম )

সহকারী পরিচালক-১

মোবাঃ ০১৫৫২৩৭৫২২৬ (অনুঃ)

প্রধান নির্বাহী/নির্বাহী পরিচালক

.....  
.....।

অনুলিপি :

- ০১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।  
০২। প্রোগ্রামার, এনজিও বিষয়ক ব্যুরো (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।  
০৩। অফিস কপি।